

**“ভর্তি বিজ্ঞপ্তি”**


যুব উন্নয়ন অধিদপ্তরধীন “যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ” প্রকল্পের আওতায় দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়ী চালক তৈরীর মাধ্যমে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টি এবং দারিদ্র বিমোচনের পাশাপাশি টেকশই জীবিকা নিশ্চিতকরণের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ জেলা কার্যালয়ের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের ৪র্থ ও ৫ম ব্যাচে (এপ্রিল ও মে/২৩) ২১-৩৫ বছর বয়সের বেকার যুবক ও যুব নারীর নিকট থেকে “যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ”(মটর ড্রাইভিং) কোর্সে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরম/সাদা কাগজে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলীঃ**

ক্রঃ নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা ও বয়স	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ও সময়	নওগাঁ জেলার জন্ম সাক্ষাৎকারের তারিখ ও সময়	ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ
০১	যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ (মটর ড্রাইভিং)	ন্যূনতম ৮ম শ্রেণী এবং ২১ - ৩৫ বছর	প্রতি ব্যাচে নওগাঁ জেলার জন্ম ২০ জন এবং রাজশাহী জেলার জন্ম ২০ জন মোট ৪০ জন <b>২টি ব্যাচের জন্য আসন</b> নওগাঁ জেলার জন্ম ২০ x ২ = ৪০ জন রাজশাহী জেলার জন্ম ২০ x ২ = ৪০ “ মোট = ৮০ জন	০১(এক) মাস	১৩/০৩/২০২৩ খ্রি. বিকেল ৪:০০টা পর্যন্ত	১৫/০৩/২০২৩খ্রি. সকাল ১০:০০টা	পরবর্তীতে জানানো হবে।

**ভর্তির শর্তাবলীঃ**

- ১। নওগাঁ জেলার জন্ম উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ বরাবরে নির্ধারিত ফরম অথবা সাদা কাগজে আবেদন করতে হবে।
- ২। আবেদনপত্রে (ক) নাম (বাংলা ও ইংরেজী), (খ) পিতার নাম (বাংলা ও ইংরেজী), (গ) মাতার নাম (বাংলা ও ইংরেজী), (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স, (জ) জাতীয় পরিচয়পত্র / জন্ম নিবন্ধনপত্র, (ঝ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ঞ) মোবাইল নম্বর, (ট) জাতীয়তা (ঠ) ধর্ম উল্লেখ করতে হবে (ড) রক্তের গ্রুপ।
- ৩। নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েব সাইট অথবা উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁয় পাওয়া যাবে।
- ৪। আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়াছবি, (খ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ ও বেকারত্ব সনদ, (গ) জাতীয় পরিচয়পত্র (NID) (ঘ) সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে।
- ৫। আবেদন পত্র প্রাথমিক যাচাই বাছাই পূর্বক লিখিত/মৌখিক পরীক্ষার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- ৬। সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে উপস্থিত হতে হবে।
- ৭। সাক্ষাৎকারের সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদ এবং জাতীয় পরিচয়পত্র মূল কপি সংগে আনতে হবে।
- ৮। রাজশাহী জেলা এবং নওগাঁ জেলার দূরবর্তী উপজেলার সর্বোচ্চ ১৫ জন প্রশিক্ষার্থীর আবাসিক সুবিধা প্রদান করা হবে।
- ৯। প্রশিক্ষণ সমাপনান্তে প্রকল্পের আওতায় প্রত্যেক প্রশিক্ষার্থীকে লার্নার লাইসেন্স ইস্যু করা হবে।
- ১০। ভর্তিকৃত প্রশিক্ষার্থীগণকে অবশ্যই অত্র প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম-কানুন মেনে চলতে হবে এবং নিয়মিত ক্লাসে উপস্থিত থাকতে হবে।
- ১১। ভর্তিকৃত প্রশিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১৫০ (একশত পঞ্চাশ) টাকা ভাতা প্রদান করা হবে।
- ১২। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।



মুঃ জাবেদ ইকবাল  
উপপরিচালক


যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ

তারিখঃ ১২/০২/২০২৩খ্রিঃ।

স্মারক নং-৩৪.০১.৬৪০০.০০০.৩৮.৩৭৩.২০২১- ৪৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক (যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ প্রকল্প) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান জেলা পরিষদ, নওগাঁ।
- ০৪। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৫। অধ্যক্ষ, টেকনিক্যাল ট্রেনিং কলেজ, নওগাঁ।
- ০৬। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী। তাঁকে প্রতি ব্যাচের জন্য ২০ (বিশ) জন করে ২টি ব্যাচের জন্য মোট ৪০ জন প্রশিক্ষার্থীকে মনোনয়ন দিয়ে ২২/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে পৃথক পৃথক তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।
- ০৭। জেলা তথ্য অফিসার, নওগাঁ (তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ জানানো হলো)।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার ( সদর/ রাণীনগর/আত্রাই/ বদলগাছী/ মান্দা/ মহাদেবপুর/ পল্লীতলা/ ধামইরহাট/ সাপাহার/ নিয়ামতপুর/ পোরশা), নওগাঁ।
- ০৯। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, নওগাঁ।
- ১০। সিনিয়র প্রশিক্ষক/ প্রশিক্ষক, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।
- ১১। সহকারী পরিচালক, বি,আর,টি,এ, নওগাঁ।
- ১২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ(সকল)।
- ১৩। সভাপতি / সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নওগাঁ।
- ১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৫। নোটিশ বোর্ড/অফিস কপি।



মুঃ জাবেদ ইকবাল  
উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ